**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/25/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটিতে মাদক ব্যবহার সংক্রান্ত রোগের চিকিৎসার জন্য মোবাইল মেডিকেশন সম্প্রসারণ করতে তহবিল উপলভ্য হওয়ার ঘোষণা দিলেন

***প্রদানকারীরা মাদক ব্যবহার সংক্রান্ত রোগের চিকিৎসা সেবা প্রদানে মোবাইল মেডিকেশন ইউনিট স্থাপন করার জন্য 200,000 মার্কিন ডলার পর্যন্ত পেতে পারবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মাদক ব্যবহার সংক্রান্ত রোগের চিকিৎসা করার জন্য, মিথাডোন ও বিউপ্রেনরফিনসহ মোবাইল মেডিকেশন ইউনিট (Mobile Medication Units, MMU) স্থাপন করার জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত উপলভ্য থাকবে। মোবাইল মেডিকেশন ইউনিটগুলির নির্মাণ সম্ভব হবে ড্রাগ এনফোর্সমেন্ট অ্যাডমিনিস্ট্রেশনের (Drug Enforcement Administration, DEA) একটি নিয়ম পরিবর্তন করার মাধ্যমে, যার ফলে ইউনিটগুলি বিদ্যমান আফিম চিকিৎসা কর্মসূচি (Opioid Treatment Program) প্রদানকারীদের দ্বারা পরিচালিত হতে পারবে। ফেডারেল স্টেট আফিম সাড়াদান অনুদানের (State Opioid Response grant) মাধ্যমে ফেডারেল তহবিল প্রদান করা হচ্ছে এবং এটি নিউ ইয়র্ক স্টেটের অ্যাডিকশন সার্ভিসেস এবং সাপোর্টস অফিস (New York State Office of Addiction Services and Supports, OASAS) ও মেন্টাল হাইজিন রিসার্চ ফাউন্ডেশন (Research Foundation for Mental Hygiene) পরিচালিত একটি আবেদনের অনুরোধের (Request for Application, RFA) দ্বারা প্রদান করা হচ্ছে।

"যখন পুরো দেশে আসক্তি এবং ওভারডোজ সঙ্কট একটি বিধ্বংসী পথে অব্যাহত রয়েছে, তখন আমরা সংস্থান বৃদ্ধি ও এর দ্বারা প্রভাবিত নিউ ইয়র্কবাসী ও তাদের পরিবারকে সাহায্য করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ আছি," **গভর্নর হোকল বলেন।** "আমরা অতীতে মোবাইল চিকিৎসা উদ্যোগের সাফল্য দেখেছি, এবং নতুন এই তহবিল দিয়ে আমরা আমাদের মোবাইল পরিষেবা আরো সম্প্রসারিত করবো যাতে করে যেসকল নিউ ইয়র্কবাসী প্রয়োজন থাকলেও এইসব অতি সুযোগ পাচ্ছে না তাদের কাছে পৌঁছানো যায়, আমরা একটি আরো নিরাপদ, স্বাস্থ্যকর নিউ ইয়র্ক স্টেট গঠনের কাজে অব্যাহত রয়েছি।"

এই উদ্যোগের লক্ষ্য হচ্ছে নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোর প্রতিটিতে একজন প্রদানকারীকে 200,000 মার্কিন ডলার পর্যন্ত প্রদান করা, তবে গৃহীত আবেদনপত্রের উপর ভিত্তি করে OASAS প্রতি বরোতে একটির বেশি অনুদান প্রদান করতে পারে। মোবাইল ইউনিটগুলি যে সেবা প্রদান করবে তার মধ্যে থাকবে ভর্তির জন্য যাচাইকরণ এবং মেডিকেশন প্রদান শুরু করা, মেডিকেশন পরিচালনা ও পর্যবেক্ষণ, টক্সিকলোজি পরীক্ষা, এবং অন্যান্য চিকিৎসা সেবা।

উদ্যোগের সাথে সম্পর্কিত RFA এবং অন্যান্য তথ্য দেখা যাবে এখানে।

মোবাইল ইউনিটগুলি চিকিৎসায় প্রতিবন্ধকতা পাওয়া মানুষকে সাহায্য করতে পারবে, যার মধ্যে রয়েছে OTP ফ্যাসিলিটিসমূহের ভৌগলিক নৈকট্য ও পরিবহন সমস্যা, এবং আফিম ব্যবহার সংক্রান্ত রোগের চিকিৎসার মেডিকেশনের উপলভ্যতা বৃদ্ধি করবে। এগুলি ইতিমধ্যে বিদ্যমান, OASAS সনদপ্রাপ্ত সেবাদানকারী পরিচালিত মোবাইল পরিষেবার সম্পূরক হবে, যার মধ্যে থাকে যাচাই, কাউন্সেলিং, আফিম ব্যবহার সংক্রান্ত রোগের চিকিৎসায় মিথাডোন ছাড়া অন্য মেডিকেশন ব্যবহার, টেলিপ্র্যাকটিস, এবং পরিবহন পরিষেবা।

**OASAS কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন,** "মিথাডোন ও বিউপ্রেনরফিনের মতো মেডিকেশন ব্যবহার করে আসক্তির চিকিৎসা করা যে জীবন রক্ষা করে এবং আসক্তিতে আক্রান্ত মানুষের স্বাস্থ্যের অবস্থায় উল্লেখযোগ্য উন্নতি আনে তা প্রমাণিত হয়েছে। নতুন মোবাইল ইউনিটগুলি আমাদেরকে এমন ব্যক্তি পর্যন্ত পৌঁছাতে দিবে যাদের প্রয়োজন রয়েছে কিন্তু মেডিকেশন পেতে একটি ভবনের কর্মসূচিতে যাওয়া তাদের জন্য কঠিন। এটি একটি গুরুত্বপূর্ণ পরিষেবা যা মানুষকে তাদের স্থানে গিয়ে সেবা দিবে এবং এটি পুরো নিউ ইয়র্ক সিটিতে মানুষকে অনেক উপকৃত করবে।"

**নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন,** "আফিম সঙ্কট অগণিত পরিবার ও সম্প্রদায়কে বিদীর্ণ করেছে, এবং শত শত মৃত্যু ও লাখ লাখ আসক্তির কারণ হয়েছে। সময় এসেছে যে আমাদের সরকারের সকল পর্যায়ের সাথে কাজ করে নিউ ইয়র্কবাসীকে তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য সমর্থন প্রদান করে অবশেষে এই মহামারীকে সামনে থেকে মোকাবেলা করার জন্য। আমি মিশনের জন্য অতি গুরুত্বপূর্ণ কাজ করে জীবন রক্ষাকারী প্রদানকারীদের জন্য সংস্থান সম্প্রসারণ করায় গভর্নর হোকলের প্রশংসা করছি।"

**নিউ ইয়র্ক সিটির কাউন্সিল সদস্য লিন্ডা লি বলেন,** "আমাদেরকে অবশ্যই চলমান আসক্তি সঙ্কটের সমাধান করতে হবে এবং মাদক ব্যবহার সংক্রান্ত রোগে ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীকে সাহায্য করতে তাদের কাছে পৌঁছানোর যথাযথ সংস্থানের ব্যবস্থা করতে হবে। স্টেটে মোবাইল মেডিকেশন ইউনিট সম্প্রসারণের জন্য গভর্নর কর্তৃক প্রদত্ত তহবিল নিউ ইয়র্কজুড়ে এইসব সেবার নিদারুণ চাহিদা থাকা পরিবারগুলিকে আরো ভালো সহায়তা প্রদান করবে।"
গত কয়েক বছরে, নিউ ইয়র্ক স্টেট ওভারডোজ মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেছে নিয়েছে এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছে। এই মহামারীর সাথে লড়াই করার জন্য, স্টেট প্রথাগত সেবার প্রাপ্যতা সম্প্রসারিত করেছে, যার মধ্যে রয়েছে সঙ্কটকালিন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট, এবং আবাসিক চিকিৎসা প্রকল্পের পাশাপাশি ওষুধ প্রয়োগ-সহযোগী চিকিৎসা, মোবাইল চিকিৎসা এবং পরিবহন সেবাসমূহ।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট হেরোইন অ্যান্ড অপিওয়েড টাস্ক ফোর্স (NYS Heroin and Opioid Task Force) এর সদস্য ছিলেন যা 2016 সালে নতুন, প্রথাগত নয় এমন পরিষেবার

সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার পরিষেবা, চিকিৎসা উদ্ভাবনী কেন্দ্র, মাদক ব্যবহারকারীর স্বাস্থ এবং 24/7 খোলা থাকে এমন কেন্দ্র, যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবাপ্রাপ্তির রেফারেল প্রদান করে। পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

নিজে বা নিজের কোনও প্রিয়জন আসক্তিতে ভুগছে এমন পরিস্থিতিতে নিউ ইয়র্কবাসীরা সাহায্য ও আশা খুঁজে পেতে পারে স্টেটের টোলমুক্ত হোপলাইন 1-877-846-7369-এ ফোন করে বা  1-877-8-HOPENY (সংক্ষিপ্ত কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে, লাইনটি সপ্তাহে 7 দিন এবং দিনরাত 24 ঘণ্টা খোলা থাকবে।

আসক্তি সংক্রান্ত উপলভ্য চিকিৎসা, যেমন ক্রাইসিস/ডিটক্স, ইন-পেশেন্ট, আবাসিক বা বহির্বিভাগের রোগীদের সেবা, ইত্যাদি NYS OASAS চিকিৎসার উপলব্ধতা সংক্রান্ত ড্যাশবোর্ড ব্যবহার করে খুঁজে নেওয়া যাবে যা FindAddictionTreatment.ny.gov এ অথবা NYS OASAS ওয়েবসাইটের মাধ্যমে পাওয়া যাবে।

আপনি, অথবা আপনার প্রিয়জন, যদি চিকিৎসা সংক্রান্ত বীমা বাধার সম্মুখীন হন অথবা একটি অস্বীকৃত দাবির জন্য আবেদন দাখিল করার জন্য সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 888-614-5400 নম্বরে CHAMP হেল্পলাইনের সাথে ফোনে যোগাযোগ করুন অথবা ombuds@oasas.ny.gov ঠিকানায় ইমেইল করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন